শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুন



সংগৃহীত ছবি

রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজের একটি অংশে আগুন লাগে। তবে ফায়ার সার্ভিসের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং ফ্লাইট চলাচল স্বাভাবিক আছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

শনিবার (১৮ অক্টোবর) দুপুরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজের একটি অংশে হঠাৎ আগুন লাগে। এ এলাকায় মূলত আমদানি করা পণ্য সামগ্রী মজুদ রাখা হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে।

ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার লিমা খানম গণমাধ্যমকে জানান, আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট কাজ করছে। আগুনের সূত্রপাত ও ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও নিশ্চিত নয়।

বিমানবন্দরের নির্বাহী পরিচালকের মুখপাত্র মো. মাসুদুল হাসান মাসুদ জানান, কার্গো ভিলেজের পাশের একটি অংশে আগুন লাগে এবং তা দ্রুত নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে। বাংলাদেশ বিমান বাহিনীসহ বিমানবন্দরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধারকাজে সহায়তা করছেন।

তিনি আরও জানান, অগ্নিকাণ্ডের ঘটনায় ফ্লাইট ওঠানামা স্বাভাবিক রয়েছে এবং যাত্রীদের মধ্যে কোনো আতঙ্কের পরিস্থিতি তৈরি হয়নি।